# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সূত্র নং- বিএসইসি/মূখপাত্র (২য় খন্ড)/২০১১/১১২৯ তারিখঃ ১৫/০৩/২০১৭

## প্রেস বিজ্ঞপ্তি

৬০০ তম কমিশন সভা অদ্য ১৫/০৩/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. অদ্যকার সভায় কমিশন, IFIC Bank Limited এর রাইট শেয়ার (১ R : ১ অর্থাৎ বিদ্যমান ১টি সাধারণ শেয়ারের বিপরীতে ১টি সাধারণ শেয়ার রাইটস শেয়ার হিসেবে প্রদান) এর প্রস্তাব অনুমোদন করেছে। এই রাইট শেয়ারের মাধ্যমে IFIC Bank Limited, ৫৬,৩৮,২১,৯০৭ টি সাধারণ শেয়ার প্রতিটি ১০ (দশ) টাকা মূল্যে বিদ্যমান শেয়ারহোল্ডারদের মধ্যে ইস্যুর মাধ্যমে পুঁজি উত্তোলনের অনুমতি পেল। এর মাধ্যমে কোম্পানিটি ৫৬৩,৮২,১৯,০৭০/- টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে মূলধনের পর্যাপ্ততা এবং Basel-III এর আলোকে মূলধন ভিত্তি শক্তিশালী করবে। জুন ৩০, ২০১৬ তারিখে সমাপ্ত অর্ধ-বার্ষিক আর্থিক বিবরণী অনুযায়ী কোম্পানীটির শেয়ার প্রতি NAV টাকা ২৪.৩৮ এবং শেয়ার প্রতি আয় টাকা ১.৬১। এই রাইট ইস্যুর জন্য ইস্যু ম্যানেজার হিসেবে ICB Capital Management Limited কাজ করছে।

২. সভায় কমিশন বে-মেয়াদী Credence First Growth Fund এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন প্রদান করেছে। মিউচ্যুয়াল ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ২ (দুই) কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ১৮ কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা এবং এ বে-মেয়াদী ফান্ডটি নিয়মিত বিনিয়োগ পরিকল্পনার (Systematic Investment Plan) আওতায় বিনিয়োগকারীদের নিকট ইউনিট বিক্রয় করতে পারবে। ফান্ডটির উদ্যোক্তা ও সম্পদ ব্যবস্থাপক হিসেবে কাজ করছে Credence Asset Management Limited এবং ট্রাস্টি ও কাস্টডিয়ান হিসেবে কাজ করছে Investment Corporation of Bangladesh।

৩. আইসিবি এএমসিএল ফার্স্ট এনআরবি মিউচ্যুয়াল ফান্ড এর ট্রাস্টির আবেদনের প্রেক্ষিতে কমিশন অদ্যকার সভায় ফান্ডটির অবসায়ন (Winding Up) অনুমোদন করেছে। উল্লেখ্য আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোঃ লিঃ এর ব্যবস্থাপনায় পরিচালিত উক্ত ফান্ড এর মেয়াদ ২০ মার্চ ২০১৭ তারিখে ১০ (দশ) বছর পূর্ণ হবে বিধায় সিকিউরিটি ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ অনুযায়ী ফান্ডটির ট্রাষ্টি কমিটির সভায় ফান্ডটির অবলুপ্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. Summit Power Limited, Summit Purbanchol Power Company Limited, Summit Uttaranchol Power Company Limited এবং Summit Narayangonj Power Limited এর Scheme of Amalgamation বাস্তবায়নের ক্ষেত্রে Summit Power Limited, Securities and Exchange Rules, 1987 এর Rule 12(2), কমিশন Notifiation No. SEC/CFD/12:20/99 তারিখঃ 23rd February 2000, Securities and Exchange Ordinance, 1969 এর Section 18, ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর প্রবিধান ৪৬(২) ও (৩) এবং মহামান্য হাইকোর্ট এর রায় যথাযথভাবে পরিপালন করে নাই।

মহামান্য হাইকোর্টের রায় ও বিএসইসি এর নির্দেশনা মোতাবেক কোম্পানী উপরোক্ত নির্দেশনা ও সিকিউরিটিজ আইনসমূহ পরবর্তীতে পরিপালন করেছে।

সিকিউরিটিজ আইন সময়মত যথাযথভাবে পরিপালন না করার জন্য সভায় Summit Power Ltd. -কে সতর্ক পত্র ইস্যু করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ ও এর ব্যবস্থাপনা পরিচালক, চীফ রেগুলেটরী অফিসার, হেড অব লিস্টিং এবং হেড অব মার্কেট অপারেশনস্ নিম্নলিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গ করেছেঃ

ক) ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর চীফ রেগুলেটরী অফিসার এবং হেড অব লিস্টিং Summit Purbanchol Power Company Limited এর Delisting এর বিষয়টি যথাযথভাবে বিবেচনা না করে Securities and Exchange Ordinance, 1969 এর Section 9(5) ভঙ্গ করেছে;

খ) ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর চীফ রেগুলেটরী অফিসার এবং হেড অব মার্কেট অপারেশনস্ Summit Power Limited এর শেয়ার অননুমোদিতভাবে বৃদ্ধি করার মাধ্যমে ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর প্রবিধান ৪৬(২) ও (৩) ভঙ্গ করেছে;

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

গ) ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর চীফ রেগুলেটরী অফিসার এবং হেড অব লিষ্টিং Summit Purbanchol Power Company Limited এর Delisting এর বিষয়ে Dhaka Stock Exchange (Listing) Regulation, 2015 এর রেগুলেশন ৫১ ও ৫২ ভঙ্গ করেছে; এবং

ঘ) ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক ও চীফ রেগুলেটরী অফিসার জনস্বার্থ তথা বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণে অগ্রাধিকার না দিয়ে এক্সচেঞ্জ ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ এর ধারা ১৯ ভঙ্গ করেছে।

উপরোক্ত আইনসমূহ ভঙ্গের জন্য ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক, চীফ রেগুলেটরী অফিসার, হেড অব লিষ্টিং এবং হেড অব মার্কেট অপারেশনস্ -কে কমিশন আজকের সভায় সতর্ক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এছাড়াও উপরোক্ত কার্যক্রম যথাযথ আইন পরিপালন না করে সম্পূর্ণ করার বিষয়টি অনুমোদন প্রদান করায় ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর পরিচালনা পর্ষদকে ভবিষ্যতে অধিকতর সাবধানতা অবলম্বন করে কার্যক্রম পরিচালনা করার পরামর্শ প্রদানের সিদ্ধান্তও সভায় গৃহীত হয়।

৬. চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ ও এর ব্যবস্থাপনা পরিচালক, চীফ রেগুলেটরী অফিসার, হেড অব লিস্টিং এবং হেড অব মার্কেট অপারেশনস্ নিম্নলিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গ করেছেঃ

ক) চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর চীফ রেগুলেটরী অফিসার এবং হেড অব লিস্টিং Summit Purbanchol Power Company Limited এর Delisting এর বিষয়টি যথাযথভাবে বিবেচনা না করে Securities and Exchange Ordinance, 1969 এর Section 9(5) ভঙ্গ করেছে;

খ) চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর চীফ রেগুলেটরী অফিসার এবং হেড অব লিষ্টিং Summit Purbanchol Power Company Limited এর Delisting এর বিষয়ে Chittagong Stock Exchange (Listing) Regulation, 2015 এর রেগুলেশন ৫১ ও ৫২ ভঙ্গ করেছে; এবং

গ) চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক ও চীফ রেগুলেটরী অফিসার জনস্বার্থ তথা বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণে অগ্রাধিকার না দিয়ে এক্সচেঞ্জ ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ এর ধারা ১৯ ভঙ্গ করেছে।

উপরোক্ত আইনসমূহ ভঙ্গের জন্য চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক, চীফ রেগুলেটরী অফিসার, হেড অব লিস্টিং এবং হেড অব মার্কেট অপারেশনস্ -কে কমিশন আজকের সভায় সতর্ক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৭. IPDC Finance Limited এর ৩০০ কোটি টাকার Zero Coupon Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৫ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible Zero Coupon Bond। বন্ডটি ০৫ বছরে Full Redemption হবে, যা বাণিজ্যিক ব্যাংক, নন ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী, কর্পোরেট হাউজ, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, অল্টারনেটিভ ইনভেষ্টমেন্ট ফান্ড, এবং উচ্চ সম্পদধারী ব্যক্তিগনের (high net worth individuals) মধ্যে শুধুমাত্র প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, IPDC Finance Limited এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে high cost deposit replacement and lend for longer terms খাতে ব্যয় করবে। উক্ত বন্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের Mandated Lead Arranger হিসেবে The City Bank Limited দায়িত্ব পালন করছে এবং Trustee হিসাবে IDLC Finance Limited কাজ করছে।

৮. এছাড়াও কমিশন অদ্যকার সভায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ক্লিয়ারিং, সেটেলমেন্ট ও সেন্ট্রাল কাউন্টার পার্টি) বিধিমালা, ২০১৭ -এর খসড়া কিছু সংশোধনীসহ অনুমোদন করেছে। যা জনমত যাচাইয়ের জন্য দৈনিক পত্রিকা ও কমিশনের ওয়েব সাইটে শীঘ্রই প্রকাশিত হবে।

২৪/০৩/২০১৭

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র।